ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৩৪ ● কলকাতা ● ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● সোমবার ● ১৯ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## চাকরিহারাদের বিধাননগর থানায় তলব



**বেবি চক্রবর্তী: কলকাতা**

শুধু লাঠিপেটা করেই শেষ নয়, একাধিক ধারায় চাকরিহারা আন্দোলনকারীদের বিরুদ্ধে কেস করেছে বিধাননগর থানা। ২১ মে সকাল ১১টায় বিধাননগর উত্তর থানায় হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্রের খবর, ইতিমধ্যেই চাকরিহারাদের বিরুদ্ধে সরকারি সম্পত্তি নষ্ট করা, পুলিশকে মারধর-সহ একাধিক অভিযোগের ভিত্তিতে মামলা রজু করা হয়েছে। সেই সূত্রেই এই তলব বলে মনে করা হচ্ছে।বৃহস্পতিবার বিকাশ ভবনের সামনে রীতিমতো উত্তপ্ত

এরপর ৩ পৃষ্ঠায়


# মুখোমুখি কেষ্ট-কাজল, কোর কমিটির বৈঠকের মাঝেই অনুব্রতকে ফোন মমতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**সিউড়ি:** দলই সব, ব্যক্তিগত বৈরির কোনও স্থান নেই দলের কাজে। তা আরও একবার প্রমাণ করে দিলেন বীরভূমের দাপুটে তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল এবং জেলা পরিষদের সভাধিপতি কাজল শেখ। রবিবার বোলপুরের দলীয় কার্যালয়ে কোর কমিটির বৈঠকে দু'জনে উপস্থিত হয়ে দল নিয়ে সদর্থক আলোচনা করলেন। অনুব্রত মণ্ডলের পরামর্শ মেনেই জেলায় দলের সংগঠন কাজ করবে, এদিনের বৈঠকে তাতে সকলে একমত হয়েছেন বলে জানান কোর কমিটির অন্যতম সদস্য বিকাশ রায়চৌধুরী।অনুব্রত মণ্ডল আগেই ২৫ থেকে ২৭ মে তিন মহকুমায় মিছিলের ডাক দিয়েছিলেন। এদিনের বৈঠকে তা অনুমোদন করা হয়েছে। ২৫ মে রামপুরহাট, ২৬ মে বোলপুর, ২৭ মে সিউড়িতে মিছিল হবে। এছাড়া বৈঠকে প্রতি মাসে দুটি করে কোর কমিটির বৈঠকের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সেইমতো আগামী ১৪

এরপর ৩ পাতায়






# বাসন্তীতে ভয়াবহ পথ দুর্ঘটনা, বাস ও লরির মুখোমুখি সংঘর্ষে মৃত ১, গুরুত্বর আহত ৭



নুরসেলিম লস্কর, বাসন্তী

রবিবার দুপুরে ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হলো এক ব্যাক্তির। ঘটনাটি ঘটেছে বাসন্তী থানার অন্তর্গত কুলতলী বাজার সংলগ্ন গৌরদাস পাড়া এলাকার অন্তগত বাসন্তী হাইওয়ে তে। এদিন বৃষ্টি ভেজা রাস্তায় যাত্রী বোঝায় বাস ও পণ্যবাহী লরির মুখোমুখি সংঘর্ষে দুর্ঘটনা স্থলে একজন বাস যাত্রী প্রাণ হারান এবং সেই সঙ্গে আহত হন আরো ৭ থেকে ৮ জন যাত্রী। মৃত ঐ বাস যাত্রীর নাম বাবুরালি সেখ (৬২)। তিনি বাসন্তী থানার ২ নম্বর রাণীগড় এলাকার বাসিন্দা।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, আলিপুর থেকে বাসন্তীগামী এসডি ২৪ রুটের একটি যাত্রীবাহী বাস ধীর গতিতে বাসন্তীর দিকে যাচ্ছিলো ঠিক সেই মুহূর্তে বাসন্তীর দিক থেকে একটি ট্রাক হটাৎ এসে আচমকাই বাসের মুখোমুখি ধাক্কা মারে। ধাক্কার তীব্রতায় বাসটি বেপরোয়া ভাবে কেঁপে ওঠে এবং ঘটনাস্থলেই মৃত্যু হয় বাবুরালি সেখের এবং সেই সঙ্গে গুরুত্বর ভাবে ঐ বাসের চালক সহ আহত হন আরো ৭থেকে ৮জন যাত্রী! তড়িঘড়ি স্থানীয় বাসিন্দারা আহতদের উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে পাঠান। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান ক্যানিং মহকুমা পুলিশ আধিকারিক রামকুমার মন্ডল এবং সেই দুর্ঘটনাস্থলে পৌঁচ্ছান বাসন্তী থানার আই.সি সহ বিশাল পুলিশ বাহিনী। আর এই দুর্ঘটনার জেরে বাসন্তী হাইওয়ে কিছুক্ষণের জন্য অবরুদ্ধ হয়ে পড়ে। তবে দ্রুত ব্যবস্থা নিয়ে বাসন্তীর আই.সির নেতৃত্বে পুলিশ রাস্তা পরিষ্কার করে যান চলাচল স্বাভাবিক করে। দুর্ঘটনার পর থেকেই ট্রাক চালক পলাতক, তবে বাস চালক বাসন্তীর চোরাডাকাতিয়া গ্রামের বাসিন্দা জাকির হোসেন সেখ গুরুতর আহত হওয়ায় তাকে ক্যানিং মহাকুমা হাসপাতাল থেকে স্থানান্তরিত করা হয় কলকাতার চিত্তরঞ্জন হাসপাতালে।

বাসন্তী থানার পুলিশ এখনো পর্যন্ত এই ঘটনায় কাউকে আটক না করলেও গাড়ি দুটি কে আটক করেছে এবং দুর্ঘটনার সঠিক কারণ জানতে তদন্ত শুরু করেছে। ঘটনা স্থলে উপস্থিত প্রত্যক্ষদর্শী শুভজিৎ গায়েন নামের এক স্থানীয় যুবক বলেন, " দেখি একটি বাসটি খুব ধীর গতিতে বাসন্তীর দিকে যাচ্ছে কিন্তু বাস টি বার বার হর্ন করার ফলে ঘুরে দেখি অপর দিক থেকে আসা একটি লরি হঠাৎ এসে বাসটি কে সামনা সামনি ধাক্কা মারলো! তার পরে আমরা সবাই গিয়ে আহত দের উদ্ধার করে হাসপাতালে পাঠায় "।

## হজযাত্রীদের শুভেচ্ছা জানাতে বিমানবন্দরে বিহারের মন্ত্রী জামান খান পশ্চিমবঙ্গ থেকে প্রথম উড়ানে ৩২১ জন হজযাত্রী মক্কার উদ্দেশ্যে রওনা

জাকির আলী,কলকাতা




দুই দিন আগে, পশ্চিমবঙ্গ থেকে ৩২১ জন হজযাত্রীর প্রথম দল কলকাতা থেকে মক্কার উদ্দেশ্যে রওনা হয়েছিল। বিহার সরকারের সংখ্যালঘু কল্যাণ মন্ত্রী এবং জনতা দল ইউনাইটেডের নেতা জামান খান, যিনি তিন দিনের বাংলা সফরে ছিলেন, কলকাতা বিমানবন্দরে হজযাত্রীদের মনোবল বাড়িয়ে দেন এবং ফুল দিয়ে তাদের বিদায় জানান। এই সময়, আরিফ খান নওশের আলী, আনোয়ারুল হক খান এবং ইসরার খানের মতো ব্যক্তিত্বরা হজযাত্রীদের ফুলের তোড়া প্রদান করেন। উপরোক্ত তথ্য প্রদান করে, কলকাতা মহানগর সমাজকর্মী হাজী মতলুব খান আজ সংবাদমাধ্যমকে বলেন যে এই সময়ের মধ্যে বিহারের মন্ত্রী জামান খান হজযাত্রীদের সাথে কথা বলেছেন এবং তাদের মঙ্গল কামনা করেছেন। হাজী মতলুব খান বলেন, রাজ্য সরকারের পক্ষ থেকে পবিত্র হজযাত্রায় যাওয়া ব্যক্তিদের মনোভাব অসাধারণ এবং ইতিবাচক ছিল। পশ্চিমবঙ্গের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রধান সচিব এবং আইএএস ডঃ পি.বি. সেলিম বলেন, শুধুমাত্র বাংলা থেকে ৮,৫০০ জনেরও বেশি হজযাত্রীর পবিত্র মক্কার উদ্দেশ্যে রওনা হওয়ার আগে সমস্ত পরিষেবা পর্যালোচনা করা হয়েছে।






(১ম পাতার পর)

# মুখোমুখি কেষ্ট-কাজল, কোর কমিটির বৈঠকের মাঝেই অনুব্রতকে ফোন মমতার

জুন সিউড়ি এবং ২৮ জুন রামপুরহাটে পরবর্তী কোর কমিটির বৈঠকের দিনক্ষণ ঠিক করা হয়েছে। জেলার চেয়ারপার্সন আশিস বন্দ্যোপাধ্যায় জানান, দল একটাই, তৃণমূল কংগ্রেস। মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পথনির্দেশে মেনে সেই দল চলবে।তিনি আরও জানান, এদিন বৈঠক চলাকালীনই কেষ্টকে ফোন করেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দেন প্রয়োজনীয় পরামর্শ। তবে তাঁদের মধ্যে ঠিক কী কথা হয়েছে, সে বিষয়ে মুখ খোলেননি অনুব্রত মণ্ডল।

গত শুক্রবার সাংগঠনিক রদবদল হয়েছে তৃণমূলের। তাতে বীরভূমের সাংগঠনিক দায়িত্ব সম্পূর্ণভাবে দেওয়া হয়েছে সাত সদস্যের কোর কমিটিকে। তাতে আমন্ত্রিত সদস্য জেলার দুই সাংসদ – শতাব্দী রায়, অসিত মাল। জেলা চেয়ারপার্সনের দায়িত্ব পেয়েছেন বিধানসভার ডেপুটি স্পিকার আশিস বন্দ্যোপাধ্যায়। আর দায়িত্ব পেয়েই তিনি দীর্ঘদিন না হওয়া দলের কোর কমিটির বৈঠক ডেকেছিলেন রবিবার, ১৮ মে। দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশ মেনেই এই বৈঠক বলে জানান তিনি। আর সেই নির্দেশেই কোর কমিটির প্রায় সব সদস্যই এদিন হাজির ছিলেন। তবে ব্যক্তিগত কারণে আসতে পারেননি আমন্ত্রিত সদস্য সাংসদ শতাব্দী রায়। দলের পূর্বঘোষিত কর্মসূচি থাকায় গরহাজির ছিলেন বোলপুরের বিধায়ক চন্দ্রনাথ সিনহাও।

বোলপুরে জেলা পার্টি অফিসে কোর কমিটির বৈঠক। নিজস্ব ছবি।

তবে যা নিয়ে অনিশ্চয়তার চোরা স্রোত ছিল দলের অন্দরে, তা উড়িয়ে এদিন মুখোমুখি বৈঠকে বসেন অনুব্রত মণ্ডল, কাজল শেখ। জেলার রাজনৈতিক মহলে খবর, উভয়ের মধ্যে যথেষ্ট দ্বন্দ্ব আছে। যদিও কাজল শেখ বরাবরা অনুব্রতকে ‘রাজনৈতিক গুরু’ হিসেবেই পরিচয় দিয়েছেন। রবিবারও বোলপুরে জেলা পার্টি অফিসে বাকি সকলের সঙ্গে দলীয় সংগঠন নিয়ে সদর্থক আলোচনায় অংশ নিয়েছেন কেষ্ট, কাজল।এই বৈঠক চলাকালীন মমতা বন্দ্যোপাধ্যায়ের ফোন পান অনুব্রত। কিছুক্ষণ কথা হয় তাঁদের মধ্যে। তবে কী কথা হয়েছে, তা প্রকাশ্যে আনা হয়নি।

(১ম পাতার পর)

# চাকরিহারাদের বিধাননগর থানায় তলব

পরিস্থিতি তৈরি হয়েছিল। অফিস চত্বর ঘেরাও করে বিক্ষোভ শুরু করেন চাকরিহারারা। বিকাশ ভবনের কর্মীদের আটকে রাখা, হুমকি দেওয়ারও অভিযোগ ওঠে। পালটা ‘ন্যূনতম বলপ্রয়োগ’ করে পুলিশও। চাকরিহারাদের ‘তাণ্ডবে’র ঘটনায় এবার তাঁদের থানায় তলব করা হল।

এসএসসি ২০১৬ সালের প্যানেল বাতিল হওয়ার পর চাকরি হারিয়েছেন প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষককর্মী। মিরর ইমেজ প্রকাশ ও বেশ কিছু দাবিতে বৃহস্পতিবার আন্দোলন অন্য চেহারা নেয়। দুই থেকে আড়াই হাজার লোক জড়ো হয়। বিকাশ ভবনের গেট ভেঙে বিক্ষোভে বসেন। বিকেলে জানিয়ে দেন বিকাশ ভবন ঘেরাও করবেন আন্দোলনকারী। সেখানে আটকে পড়েন প্রচুর সরকারি কর্মচারী। পুলিশ তাঁদের বার করার সময় বাধা দেন শিক্ষকরা। তখনই পরিস্থিতি বদলাতে শুরু করে। পুলিশকে বলপ্রয়োগ করতে দেখা যায়।

# বাংলাদেশকে এড়িয়েই সেভেন সিস্টার্স নিয়ে বড় সিদ্ধান্ত মোদী সরকারের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চিকেনস নেকের দিকে কুনজর পড়েছে বাংলাদেশের। বিশেষ করে ইউনূস জমানায় শিলিগুড়ির এই করিডর নিয়ে উদ্বেগ বেড়েছে। এই পথের বিকল্প রাস্তা ছিল বাংলাদেশ। সেই কারণেই বড়াই করে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান মহম্মদ ইউনূস বলেছিলেন, সেভেন সিস্টার্স ল্যান্ড-লকড। তারাই সমুদ্রের অভিভাবক।অন্যদিকে, সমুদ্র পথেও যোগাযোগের ব্যবস্থা করা হচ্ছে। কলকাতা থেকে মায়ানমারের রাখাইনের সিটে বন্দর পর্যন্ত বিকল্প রুট হবে। ইতিমধ্যেই মায়ানমারের সঙ্গে এই বিকল্প রুট নিয়ে কথা হয়েছে। বিকল্প রুট একবার তৈরি হয়ে গেলে সাড়ে ৮ ঘণ্টার রাস্তা ৫ ঘণ্টায় অতিক্রম করা যাবে।

এবার বাংলাদেশকে এড়িয়েই বিকল্প পথ তৈরি করছে ভারত। আর এর কেন্দ্রস্থলই হবে কলকাতা।

জানা গিয়েছে, চিকেনস নেকের বিকল্প হিসাবে মায়ানমারের সড়কপথ ব্যবহার করে সেভেন সিস্টার্স বা উত্তর-পূর্বের সঙ্গে সংযোগকারী ট্রানজিট রুট তৈরি করা হবে। ইতিমধ্যেই কেন্দ্র ব্লু-প্রিন্ট তৈরি করে ফেলেছে।

ইন্ডিয়ান এক্সপ্রেসের প্রতিবেদন অনুযায়ী, শিলং থেকে অসমের শিলচর পর্যন্ত চার লেনের জাতীয় সড়ক প্রস্তাব দেওয়া হয়েছে। ১৬৭ কিলোমিটার এই জাতীয় সড়ক জুড়বে মায়ানমার সীমান্তের কাছেই অবস্থিত পাঁচগ্রামকেও। ন্যাশনাল হাইওয়েজ অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড এই রাস্তা তৈরির দায়িত্বে থাকবে।

# মালয়েশিয়ায় ১৭তম ল্যাংকাউই আন্তর্জাতিক সমুদ্র ও মহাকাশ প্রদর্শনীতে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন প্রতিরক্ষা রাজ্যমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রতিরক্ষা রাজ্যমন্ত্রী শ্রী সঞ্জয় শেঠ ২০ থেকে ২৪ মে, ২০২৫ পর্যন্ত মালয়েশিয়ার ল্যাংকাউইতে অনুষ্ঠিতব্য ১৭তম ল্যাংকাউই আন্তর্জাতিক সমুদ্র ও মহাকাশ প্রদর্শনী (লিমা ২০২৫) -তে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন। লিমা ২০২৫-তে একটি ভারতীয় প্যাভিলিয়ন স্থাপন করা হয়েছে, যা প্রতিরক্ষা রাজ্যমন্ত্রী উদ্বোধন করবেন।

মঝগাঁও ডক শিপবিল্ডার্স লিমিটেড, ভারত ডায়নামিক্স লিমিটেড, বিইএমএল, হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড এবং গ্লাইডারস ইন্ডিয়া লিমিটেড সহ অনেক ডিপিএসইউ এবং বেসরকারি প্রতিরক্ষা সংস্থাগুলি প্রদর্শনীতে অংশগ্রহণ করে ভারতীয় প্রতিরক্ষা শিল্পের দক্ষতা প্রদর্শন করবে। এই বছর, লিমা - ২০২৫--এ অংশগ্রহণকারী ভারতীয় সম্পদের মধ্যে আছে, ডর্নিয়ার বিমান এবং ভারতীয় নৌবাহিনীর জাহাজ।

প্রদর্শনীর পাশাপাশি, প্রতিরক্ষা রাজ্যমন্ত্রী মালয়েশিয়ার প্রতিরক্ষা মন্ত্রী দাতো' সেরি মোহাম্মদ খালেদ বিন নরদিনের সঙ্গেও সাক্ষাৎ করবেন। এই সফর দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতা এবং ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে আরও সুসংহত করবে।

ভারত এবং মালয়েশিয়ার মধ্যে একটি শক্তিশালী এবং বহুমুখী সম্পর্ক রয়েছে যা প্রতিরক্ষা ও নিরাপত্তা সহ বিভিন্ন কৌশলগত ক্ষেত্রে প্রসারিত হয়েছে। উভয় দেশ ২০২৪ সালে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সফরের সময় প্রতিষ্ঠিত ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের দৃষ্টিভঙ্গির অধীনে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

১৯৯১ সালে প্রতিষ্ঠিত এবং দ্বিবার্ষিকভাবে অনুষ্ঠিত লিমা, এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বৃহত্তম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ সামুদ্রিক ও মহাকাশ প্রদর্শনীগুলির মধ্যে একটি হিসাবে বিবেচিত হয়।

## সম্পাদকীয়

### পাকিস্তানী পতাকা কেনা-বেচার দিকে কড়া নজর দিয়েছে রাজ্য পুলিশ

বাংলায় এতো বেশি পকিস্তানী পতাকা আসছে কোথা থেকে? এই প্রশ্ন আগেও জামনে এসেছে। কোনো দেশের জাতীয় পতাকার অপব্যবহার করলে তা কোনো মানুষের ভাবাবেগে আঘাত লাগতে পারে। শহরে পাকিস্তানি পতাকা কারা তৈরি করছে এবং কারা কিনছে তাদের উপর নজরদারি চালানোর নির্দেশ দিলেন কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা। শনিবার বডিগার্ড মাসিক ক্রাইম মিটিংয়ে থানাগুলিকে এমনটাই নির্দেশ দিয়েছেন বলে জানা গিয়েছে। পাকিস্তানি পতাকা অপব্যবহার করে যাতে সমাজে ঘৃণা ও অশান্তি ছড়াতে না পারে সেজন্য থানাগুলিকে কড়া নজরদারি চালানোর নির্দেশ দেন। পহেলগাঁও হামলার পর পাকিস্তান পতাকাকে অপব্যবহার করে সাম্প্রদায়িক অস্থিরতা ছড়ানোর চেষ্টার অভিযোগে বনগাঁতে দুজনকে গ্রেপ্তার করা হয়েছিল।

কে বা কারা ওই পতাকা কেনাবেচা করছে চিহ্নিত করতে এদিন সিপি থানাগুলিকে নির্দেশ দিয়েছেন। যাঁরা পাকিস্তানি পতাকা কিনছেন তাঁরা কী জন্য কিনছেন, সেগুলি নিয়ে কী করবেন তার তথ্য নিতে হবে পুলিশকে। এদিন কলকাতা পুলিশের ক্রাইম মিটিংয়ে বিধাননগরে বিকাশ ভবনে শিক্ষক আন্দোলনের প্রসঙ্গও তুলে ধরেন কমিশনার। উল্লেখ্য, এর আগে স্রেফ মুনাফা লাভের আশায় ই-কমার্স সংস্থাগুলির বিরুদ্ধে পাকিস্তানি পতাকা বিক্রির অভিযোগ ওঠে। ব্যবসায়ীদের সর্বভারতীয় সংগঠন কনফেডারেশন অফ অল ইন্ডিয়া ট্রেডার্সের প্রথমে বিষয়টি নজরে আসে। কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েল এবং ক্রেতাসুরক্ষা মন্ত্রী প্রহ্লাদ যোশীকে চিঠি দেন তাঁরা। ওই চিঠিতে একাধিক অনলাইন শপিং সাইটের বিরুদ্ধে পাকিস্তানি পতাকা-সহ শত্রু দেশের নানা সামগ্রী বিক্রি হচ্ছে বলে জানানো হয়। অবিলম্বে ওই জিনিসপত্র বিক্রি নিষিদ্ধ ঘোষণার কথাও চিঠিতে উল্লেখ করা হয়। আর তাতেই নড়েচড়ে বসে ক্রেতাসুরক্ষা মন্ত্রক।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(একত্রিশতম পর্ব)



তুষ্টি, প্রভা ও সতী। প্রকৃতপক্ষে দেবীর এক একটি শক্তি হল দেবীর এক একটি গুণ বা বৈশিষ্ট্য। লক্ষ্মী শুধু ধনের দেবী নয়। তিনি কৃষিসম্পদ, খনিজদ্রব্য, পশুসম্পদ, শিল্পসম্পদ ও বাণিজ্যেরও দেবী। তাই কৃষি ক্ষেত্রে, পশুপালনে, শিল্প-বাণিজ্য ক্ষেত্রে উন্নতি করতে হলে দেবীর কৃপালাভ প্রয়োজন। ভূমিতে উৎপন্ন শস্য, খনিতে থাকা স্বর্ণ, রৌপ্য, তাম্র, লৌহ সব কিছুর অধিষ্ঠাত্রী হলেন লক্ষ্মী দেবী। এজন্য তাঁকে ভূলীলা বলা হয়।লক্ষ্মী দেবীর প্রিয় ও অপ্রিয়লক্ষ্মী দেবীর কোন কোন স্থান প্রিয় আর কোন কোন স্থান

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ভারতীয় সেনানিদের কৃতজ্ঞতা জানাতে তৃণমূল কংগ্রেসের উদ্যোগে মহা মিছিল হরিপালে

বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি

কাশ্মীরের পাহেলগাঁয়ে জঙ্গি হামলায় নিহত নিরীহ ভারতীয়দের মৃত্যুর প্রতিশোধ নিতে এবং দেশের অখন্ডতা সার্বভৌমত্ব ও শত্রুর মোকাবিলায় দেশের সেনাবাহিনী যে ভূমিকা পালন করেছে তাদের সেই বীরত্বের প্রতি সম্মান ও কৃতজ্ঞতা জানিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নির্দেশে হরিপাল তৃণমূল কংগ্রেসের উদ্যোগে এবং হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্নান নেতৃত্বে আজ হরিপালের মশাই মোড় থেকে হরিপাল স্টেশন বাজার পর্যন্ত এক বিশাল মিছিল অনুষ্ঠিত হয়। এই মিছিলে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হরিপাল ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি দেবাশীষ পাঠক হরিপাল পঞ্চায়েত সমিতির সভাপতি সুচন্দ্রা ধোলে অধিকারী, হরিপাল জয় হিন্দ বাহিনীর সভাপতি স্বরূপ মিত্র সহ অন্যান্য নেতৃত্ববৃন্দ। এই জাতীয়তাবাদী মিছিলে বিধায়িকা ডাক্তার করবি মান্না সহ প্রত্যেকের হাতে জাতীয় পতাকা সকলের দৃষ্টি কাড়ে।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই গর্তটিই দেবী কামাখ্যা নামে পূজিত এবং দেবীর পীঠ হিসেবে প্রসিদ্ধ। কামাখ্যা মন্দির চত্বরের অন্যান্য মন্দিরগুলিতেই একই রকম আকৃতিবিশিষ্ট পাথর দেখা যায়, যা ভূগর্ভস্থ জল দ্বারা পূর্ণ থাকে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# অপারেশন সিঁদুর' নিয়ে বিতর্কিত মন্তব্য, গ্রেফতার অশোকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অপারেশন সিঁদুর' নিয়ে ভুলভাল মন্তব্য করায় হরিয়ানার অশোকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আলি খান মাহমুদাবাদকে গ্রেফতার করা হয়েছে। পহেলগাঁও সন্ত্রাসী হামলায় ২৬ প্রাণ কাড়ার বদলায় ভারতের 'অপারেশন সিঁদুর' অভিযান সফল হয়েছে। নিঃশব্দে পাকিস্তানের উপর ভারতের আত্মঘাতী হামলায় ধ্বংস হয়েছে পাকিস্তান এবং পাক অধিকৃত কাশ্মীরে অবস্থিত নয়টি জঙ্গিঘাঁটি।তিনি পোস্টে কর্নেল সোফিয়া কুরেশি এবং উইং কমান্ডার ব্যোমিকা সিংহকে "ভণ্ডামি" বলে বর্ণনা করেছিলেন। বিতর্কের ঝড় ওঠার পর মনুদাবাদকে পুলিশ তাঁকে হেফাজতে নিয়েছে। তিনি ছিলেন, মাহমুদাবাদ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের একজন সহযোগী অধ্যাপক। বিজেপি যুব মোর্চার একজন সদস্যের অভিযোগের পর অধ্যাপক খানকে দিল্লিতে আটক করা হয়। তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছিলেন হরিয়ানা রাজ্য মহিলা কমিশনও। একটি নোটিশে, কমিশন জানিয়েছেন যে, একজন অধ্যাপক



হয়ে তাঁর মন্তব্য ভারতীয় সশস্ত্র বাহিনীর মহিলা অফিসারদের অবমাননা করেছে এবং সাম্প্রদায়িক বিভেদকে উস্কে দিয়েছে। জাতীয় সামরিক পদক্ষেপকে কলঙ্কিত করার প্রচেষ্টা করেছেন। নোটিশের সঙ্গে কমিশন মাহমুদাবাদের বিতর্কিত পোস্টটি জুড়ে দিয়েছিলেন। যেখানে অধ্যাপক বলেছিলেন, "আমি খুব খুশি যে সকলে ডানপন্থী মন্তব্যকারী কর্নেল সোফিয়া কুরেশিকে প্রশংসা করছেন। তাঁদের সাধারণ ভারতীয় মুসলমানদের প্রতি একই মনোভাব অবলম্বন করতে বলি, যারা প্রতিদিন নির্যাতনের শিকার হন। আমার পুরো মন্তব্যটি ছিল বেসামরিক এবং সৈন্য উভয়ের জীবন রক্ষা করার বিষয়ে। তা ছাড়া, আমার মন্তব্যে এমন কোনও নারীবিদ্বেষ নেই যা নারীবিরোধী হিসেবে ব্যাখ্যা করা যেতে পারে।" তবে এ ক্ষেত্রে, অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন (AIMIM) প্রধান আসাদুদ্দিন ওয়াইসি একটি বিবৃতিতে অধ্যাপকের গ্রেফতারের তীব্র নিন্দা করেছেন।খতম হয়েছে শতাধিক সন্ত্রাসী। জইশ-ই-মোহাম্মদের প্রধান মাসুদ আজহারের পরিবারের ১৪ সদস্য খতম হয়েছে।

পাশাপাশি ৫ কুখ্যাত জঙ্গি খতম হয়েছে। ভারতীয় সেনাবাহিনীর 'অপারেশন সিঁদুর'-এর সফলতায় খুশি হয়েছেন গোটা দেশবাসী। যদিও এরপর পাকিস্তান পাল্টা হামলা চালালেও ভারতীয় সেনাবাহিনী তাঁদের দমন করেছেন। এবং আপাতত ভারত-পাকিস্তান সংঘর্ষবিরতি অব্যাহত রয়েছে। 'অপারেশন সিঁদুর' এর প্রাথমিক পর্যায়ে বিদেশসচিব বিক্রম মিস্রির সঙ্গে প্রেস ব্রিফিং দিয়েছিলেন ভারতীয় সেনাবাহিনীর কর্নেল সোফিয়া কুরেশি এবং উইং কমান্ডার ব্যোমিকা সিংহ। এরপর থেকেই সোশ্যাল মিডিয়ার আলোচিত হচ্ছেন দুই মহিলা অফিসার। আর তাদের নিয়েই সম্প্রতি বেফাঁস মন্তব্য করেছিলেন অশোকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আলি খান মাহমুদাবাদ।

## পাক মুখোশ খুলতে ৭ সর্বদলীয় কমিটির তালিকা প্রকাশ কেন্দ্রের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সন্ত্রাসবাদ নিয়ে পাক দ্বিচারিতা গোটা বিশ্বের সামনে তুলে ধরতে যে সাতটি সর্বদলীয় কমিটি গঠন করা হয়েছে সেই কমিটির সদস্যদের তালিকা প্রকাশ করল কেন্দ্র। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু শনিবার সোশাল মিডিয়ায় সব দলের সাংসদদের তালিকা প্রকাশ করেছেন। কোন প্রতিনিধিদল কোন দেশে যাবে, সেটাও ঘোষণা করেছেন তিনি।পহেলগাঁও সন্ত্রাস এবং অপারেশন সিঁদুরের পর ভারতের অবস্থান এবং পাকিস্তান কীভাবে প্রত্যক্ষে জঙ্গিদের মদত দিচ্ছে, সেটা গোটা বিশ্বের সামনে তুলে ধরতে চায় ভারত। শশী থারুরকে আমেরিকাগামী প্রতিনিধিদলের মাথা করা হয়েছে। শশী ছাড়াও আরও ছয় সাংসদের নাম ঘোষণা করা হয়েছে কমিটিগুলির শীর্ষপদে। তাঁরা হলেন রবিশংকর প্রসাদ (বিজেপি), সঞ্জয়কুমার ঝা (জেডিইউ), বৈজয়ন্ত পাণ্ডা (বিজেপি), কানিমোঝি করুণানিধি (ডিএমকে) ও সুপ্রিয়া সুলে (এনসিপি)।

প্রত্যাশিতভাবেই কেন্দ্রের দেওয়া তালিকায় এনডিএ সদস্যদের আধিক্য রয়েছে। কংগ্রেস যে ৪ সাংসদের তালিকা দিয়েছিল, তাঁদের মধ্যে মাত্র একজনকে তালিকায় ঠাঁই দিয়েছে কেন্দ্র। শুধু আনন্দ শর্মাকে রাখা হয়েছে একটি প্রতিনিধি দলে। লোকসভায় কংগ্রেসের ডেপুটি লিডার গৌরব গগৈ, রাজ্যসভার সাংসদ ড. সইদ নাসির হুসেন এবং লোকসভার সাংসদ অমরিন্দর সিং রাজা ওয়ারিংকে কোনও প্রতিনিধি দলে রাখা হয়নি। তবে তালিকার বাইরে থেকে একাধিক কংগ্রেস নেতাকে বিভিন্ন প্রতিনিধি দলে রাখা হয়েছে। তাঁদের মধ্যে রয়েছেন সলমন খুরশিদ, মণীশ তিওয়ারিরা।

এরপর ৬ পাতায়


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |




# বাংলাদেশের সঙ্গে বাণিজ্যে সার্জিক্যাল স্ট্রাইক ভারতের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বাংলাদেশের সঙ্গে বাণিজ্যে সার্জিক্যাল স্ট্রাইক ভারতের। এখন থেকে ভারতের সব সীমান্ত বা বন্দর থেকে বাংলাদেশে তৈরি পোশাক, খাবার, প্লাস্টিকের জিনিস, কাঠের আসবাব, রঙ কিছুই আর আমদানি করা যাবে না। এমনই নির্দেশ দেওয়া হয়েছে কেন্দ্রীয় সরকার ডিরেক্টোরেট জেনারেল অফ ফরেন ট্রেডের তরফে।সূত্রের খবর, প্রতিদিন বাংলাদেশের বিভিন্ন খাদ্যপণ্য বহনকারী প্রায় ৫০টির বেশি ট্রাক ভারতে প্রবেশ করে থাকে। নতুন নিষেধাজ্ঞা কার্যকর হওয়ায় এসব ট্রাক আটকে যাচ্ছে। তাতেই আতঙ্কের ছবি স্পষ্ট বাংলাদেশের পণ্য পরিবহণের সঙ্গে যুক্ত ট্রাক ড্রাইভারদের চোখে-মুখে। তবে ভারতের এই সিদ্ধান্ত কূটনৈতিক স্তরে পাকিস্তানের 'বন্ধু' বাংলাদেশের উপর ভালই চাপ তৈরি করবে বলে মত ওয়াকিবহাল মহলের বড় অংশের। এপারের ব্যবসায়ী সংগঠনের তরফে সুরজিৎ পালের দাবি, চাপ বাড়াচ্ছে ভারত। বাংলাদেশকে বার্তা দেওয়া হচ্ছে। বিজেপি বিধায়ক শংকর ঘোষের দাবি, হিন্দু নিপীড়ন এবং ভারত বিদ্বেষ সামনে এসেছে। ফলে বাংলাদেশ ঠিক করুক তারা কি করবে! শিলিগুড়ির মেয়র গৌতম দেবের দাবি, বাংলাদেশ আমাদের হৃদয়ে থাকে। কিন্তু ইউনুস সরকারের ভূমিকা প্রশ্নের মুখে। আমাদের সীমান্ত রয়েছে। রাজ্য নানা পর্যবেক্ষণ পাঠিয়েছে। কেন্দ্র সিদ্ধান্ত নিচ্ছে।তা নিয়েই এখন জোর চর্চা দুই দেশে। চাপানউতোর রাজনৈতিক মহলেও। উদ্বিগ্ন বাংলাদেশের ট্রাক চালকরাও।




এই নিষেধাজ্ঞার ফলে চ্যাংড়াবান্ধা স্থলবন্দরে কার্যত অচলাবস্থা সৃষ্টি হয়েছে। সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশের শ্রমজীবী মানুষদের মধ্যেও চরম হতাশা। তাঁদের বক্তব্য এই অঞ্চলে কোনও উল্লেখযোগ্য শিল্প না থাকায় তারা মূলত সীমান্তের আমদানি-রফতানির উপরেই নির্ভরশীল। এই নিষেধাজ্ঞার ফলে তাঁদের জীবিকাই এখন ঘোর অন্ধকারে। বাংলাদেশের ট্রাকচালক ও ব্যবসায়ীরাও ভারতের এই সিদ্ধান্তে প্রবল চাপে। তাঁরা বলছেন, এর ফলে ব্যবসার অনেক বড় ক্ষতি হয়ে যাবে।

কাপড় নিয়ে ঢাকা থেকে আসছিলেন মহম্মদ আবদুস সালাম নামে এক চালক। কপালে চিন্তার ভাঁজ তাঁরও। বলছেন, "আমাদের মতো মানুষের খুব ক্ষতি হয়ে যাবে। কারণ আমাদের মতো মানুষদের জীবিকাই তো এর উপর দাঁড়িয়ে।"

# বাড়ির সামনেই পার্টি অফিস, বিজেপি নেতার হাত ধরে পালালেন তৃণমূল কর্মীর স্ত্রী! চাঞ্চল্য মালদহে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**মালদহ:** তৃণমূল কর্মীর বাড়ির ঢিলছোঁড়া দূরত্বে বিজেপির দলীয় কার্যালয়। স্থানীয় বিজেপি নেতার সঙ্গে ওই তৃণমূল কর্মীর স্ত্রীর আলাপও হয়েছিল। দু'জনের মধ্যে কথাবার্তাও চলত। দিন কয়েক আগে তৃণমূল কর্মীর স্ত্রী বাড়ি থেকে উধাও হয়ে যান। একই দিন থেকে উধাও ওই বিজেপি নেতাও। পরে কানাঘুষো শোনা যায় ওই বিজেপি নেতার সঙ্গেই পালিয়েছেন ওই তৃণমূল কংগ্রেস কর্মীর স্ত্রী!ওই বিজেপি নেতাও বিবাহিত। বাড়িতে স্ত্রী, সন্তান আছে। ঘটনায় ওই পরিবারের মাথাতেও কার্যত আকাশ ভেঙে পড়েছে। বিজেপি নেতার স্ত্রীও হতবাক। অন্যদিকে, প্রেমের টানে ঘর ছাড়া ওই তরুণীর মাও ঘটনা জেনে মাথা চাপড়াচ্ছেন। কীভাবে এই কাজ করল মেয়ে? সেই প্রশ্নই বারবার করছেন তিনি। এদিকে গুম মেরে গিয়েছেন ওই তৃণমূল কর্মী। স্ত্রীকে 'বিশ্বাসঘাতক' বলে কটাক্ষ করেছেন তিনি। স্ত্রী নিখোঁজের পর থানায় অভিযোগ দায়ের করেছেন



তিনি। ঘটনায় রাজনীতি খুঁজছেন না লোকজন। এই বিষয়ে দুই দলের তরফে কোনও কথাও বলা হচ্ছে না।ঘটনা জানাজানি হতে এলাকায় চাপা শোরগোলও পড়েছে। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে মালদহের হরিশচন্দ্রপুরে।

এই বিবাহবহির্ভূত সম্পর্ক নিয়ে দুই পরিবারও এই মুহূর্তে দুশ্চিন্তায়। স্ত্রীয়ের খোঁজে বিভিন্ন জায়গায় খোঁজখবর করছেন ওই তৃণমূল নেতা ও তাঁর পরিবার-পরিজন। জানা গিয়েছে, ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুর থানার কৈলাসনগর এলাকায়। ওই এলাকাতেই তৃণমূল কর্মীর বাড়ি। বেশ কয়েক বছর আগে ওই তৃণমূল কর্মীর সঙ্গে ফেসবুকে আলাপ হয়েছিল ওই তরুণীর। সেই আলাপ থেকে প্রেম। দুই বাড়ির সম্মতিতে দু'জনের চারহাত এক হয়। তাঁদের ছোট দুই সন্তানও আছে।

ওই তৃণমূল কর্মীর বাড়ির উলটোদিকে ১০০ মিটার দূরে বিজেপির দলীয় কার্যালয়। এলাকার এক বিজেপি নেতা ওই কার্যালয়ে নিয়মিত যাতায়াত করেন। সেই সূত্রে ওই নেতার সঙ্গে তৃণমূল কর্মীর স্ত্রীর আলাপ-পরিচয় হয়েছিল। বিরোধী রাজনীতির হলেও স্ত্রীর সঙ্গে বিজেপি নেতার আলাপচারিতায় পেশায় টোটোচালক ওই তৃণমূল কর্মী আপত্তি করেননি। আর সেটাই কি কাল হল? এখন সেই প্রশ্নই জোরালো হচ্ছে। দিন কয়েক আগে কাউকে কিছু না বলে বাড়ি থেকে উধাও হয়ে যান ওই তরুণী। প্রথমে পরিচিত, আত্মীয়স্বজনদের বাড়িতে খোঁজখবর করা হলেও সন্ধান মেলেনি। এর মধ্যেই জানা যায়, ওই একই দিন থেকে উধাও বিজেপি নেতাও। বিভিন্ন জায়গায় খোঁজখবর শুরু হয়। দেখা যায়, দুইয়ে দুইয়ে চার মিলে গিয়েছে। ওই বিজেপি নেতার হাত ধরেই পালিয়েছেন ওই তরুণী!

(৫ পাতার পর)

# পাক মুখোশ খুলতে ৭ সর্বদলীয় কমিটির তালিকা প্রকাশ কেন্দ্রের


তৃণমূলের প্রতিনিধি একমাত্র ইউসুফ পাঠান।

সোশাল মিডিয়ায় সাংসদদের তালিকা প্রকাশ করে কিরেন রিজিজু বলেছেন, "একটাই মিশন, একটাই বার্তা, ঐক্যবদ্ধ ভারত। এই সর্বদলীয় প্রতিনিধি দলগুলি আমাদের সন্ত্রাসবাদ বিরোধী সম্মিলিত সংকল্পকে বিশ্বের সামনে তুলে ধরবে।" প্রতিনিধিদলগুলি কারা কোন দেশে যাবে সেটাও নির্ধারণ করা হয়েছে খুব পরিকল্পিতভাবে। যেমন আসাদউদ্দিন ওয়েইসি, গুলাম নবি আজাদকে পাঠানো হচ্ছে মুসলিম প্রধান সৌদিতে। শশী থারুরের কূটনৈতিক জ্ঞানকে আমেরিকায় ব্যবহার করতে চাইছে কেন্দ্র।

# সিনেমার খবর

## যে কারণে মেয়ের ছবি প্রকাশ্যে আসেনি, জানালেন দীপিকা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউডের তারকা দম্পতি দীপিকা পাড়ুকোন ও রণবীর সিংয়ের প্রথম কন্যা সন্তান 'দুয়া' গত বছর জন্মগ্রহণ করে। তবে মেয়ের জন্মের পর থেকেই তারা দু'জনই একটি বিষয় স্পষ্ট করে দিয়েছেন, কোনো পাপারাজ্জি ছবি নয়, কোনো ইনস্টাগ্রাম পোস্ট নয়, মেয়ের ছবি থাকবে না জনসমক্ষে।

সম্প্রতি ম্যারি চারলিকে দেওয়া এক সাক্ষাৎকারে দীপিকা খোলাখুলিভাবে বলেন, কেন তারা মেয়েকে মিডিয়ার আলোচনার বাইরে রাখতে চান। দীপিকা জানান, তার নিজের শৈশব ছিল একেবারেই সাধারণ। তিনি কিংবদন্তি ব্যাডমিন্টন খেলোয়াড় প্রকাশ পাড়ুকোনের মেয়ে হলেও তার পরিবার কখনো খ্যাতির ভার চাপিয়ে দেয়নি।

দীপিকা বলেন, 'আমার বাবা কখনো আমাদের বলেননি যে তিনি একজন তারকা। আমরা নিজে নিজেই ধীরে ধীরে জেনেছি তিনি কে, সেটাও খুব সাধারণভাবে।'

এই সাধারণ, স্বাভাবিক শৈশবের অভিজ্ঞতাই দীপিকার মনে গভীর প্রভাব ফেলেছে। এখন নিজে মা হওয়ার পর, তিনি চান মেয়ে দুয়া ও একইরকম শান্ত ও সুরক্ষিত পরিবেশে বড় হোক। দীপিকার ভাষায়, 'আমরা চাই না যে ওর নিষ্পাপ শৈশব সোশ্যাল মিডিয়া আর ক্যামেরার কারণে ক্ষতিগ্রস্ত হোক।'

দীপিকা ও রণবীরের মিলিত ইনস্টাগ্রাম ফলোয়ার সংখ্যা প্রায় ১২৮ মিলিয়ন। তাদের মেয়ে দুয়ার একটি ছবিও যদি প্রকাশ পায়, তা মুহূর্তে ভাইরাল হয়ে যাবে। তাই তারা সিদ্ধান্ত নিয়েছেন দুয়ার ছবি বা ব্যক্তিগত মুহূর্ত তারা অনলাইনে শেয়ার করবেন না।

সাক্ষাৎকারে দীপিকা এমনকি স্বীকার করেন, 'আমি জানি না, এই কথাগুলো আমি শেয়ার করছি তাতে রণবীর কতটা স্বস্তি বোধ করবেন।'

তবে শুধু দীপিকা-রণবীরই নন, তাদের মতো অনেক বলিউড তারকাই সন্তানদের গোপনীয়তা রক্ষায় কঠোর। অনুশকা শর্মা ও বিরাট কোহলি তাদের সন্তান ভামিকা ও আকায় এর ছবি প্রকাশ করেননি। আলিয়া ভাট ও রণবীর কাপুরও একই সিদ্ধান্ত নিয়েছেন তাদের মেয়ে রাহাকে ঘিরে।

## 'গুপী গাইন বাঘা বাইন' সিনেমা মুক্তিতে যে বাধায় পড়েন প্রযোজক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

১৯৬৯ সালের ৮ মে মুক্তি পেয়েছিল 'গুপী গাইন বাঘা বাইন' সিনেমা। এই সিনেমা মুক্তির সময়ে শহরজুড়ে কী রকম প্রতিক্রিয়া ছিল? একটা সাক্ষাৎকারে প্রযোজক পূর্ণিমা দত্ত সেই সময়ের কথা বলেছেন।

তিনি বলেন, সিনেমাটি মুক্তির সময়ে একটা লড়াই লড়তে হয়েছিল আমাদের। সেই সময়ে একটা দল ছিল, পুরোপুরি রাজনৈতিক দল নয়, যারা আমাদের সিনেমা রিলিজ করতে দিচ্ছিল না। বেশ বড় রকমের ঝামেলা তৈরি হয়ে যায় তাই নিয়ে। তবে উত্তম কুমার, বা কিছু বিশেষ ব্যক্তি বিরোধী গ্রুপে চলে যাওয়ায় শেষ পর্যন্ত সিনেমা ঠিকভাবে মুক্তি পেয়েছিল।


সে আমলেও এমন দলবেঁধে ছবির মুক্তিকে বাধা দেওয়া হতো? এ প্রসঙ্গে পূর্ণিমার বক্তব্য, তখন অনেক ঝামেলা হতো। তবে সেটা ভদ্রভাবে। একটা সীমা অতিক্রম করতেন না কেউই।

লক্ষণীয় সত্যজিৎ রায় যখন এই সিনেমাটি তৈরি করার কথা ভেবেছিলেন, প্রথমেই জটিলতা সৃষ্টি হয়। প্রথমেই গানের রেকর্ডিং হয়ে গিয়েছিল। তবে প্রযোজক পিছিয়ে যান। সেই খবর পেয়েছিলেন রাজ কাপুর। তার মাধ্যমে দত্ত পরিবারের কাছে খবর আসে। তারপর তারা সিনেমাটি প্রযোজনা করার জন্য এগিয়ে আসেন।

মুক্তির ৫৬ বছর পরেও এই সিনেমা বড়পর্দায় দেখতে চান সিনেমাপ্রেমীরা। কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ওপেনিং ফিল্ম হিসেবেও একবার দেখানো হয়েছে এই সিনেমা। সেই দিনে হাউজফুল বোর্ড দেখা গেছে। আগামী দিনে কোনো বিশেষ অনুষ্ঠান মাথায় রেখে, বড়পর্দায় এই সিনেমার মুক্তির পরিকল্পনা করা হবে কিনা, সেটা দেখার অপেক্ষা।

## বিশ্বের মানচিত্র থেকে পাকিস্তানকে মুছে ফেলা উচিত : কঙ্গনা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউড অভিনেত্রী ও বিজেপির সাংসদ কঙ্গনা রানাউত পাকিস্তানের উপর ক্ষোভ প্রকাশ করেছেন। দুই দেশের ক্রমবর্ধমান উত্তেজনার পরিপ্রেক্ষিতে ইনস্টাগ্রাম স্টোরিতে পাকিস্তানকে 'সন্ত্রাসবাদীতে ভরা জঘন্য দেশ' বলে কড়া ভাষায় আক্রমণ করেছেন তিনি।

কঙ্গনা লিখেছেন, 'তেলাপোকা কোথাকার। সন্ত্রাসবাদীতে ভরা ধূর্ত এবং জঘন্য দেশ... এটিকে বিশ্বের মানচিত্র থেকে মুছে ফেলা উচিত।'

সম্প্রতি একাধিক বলিউড অভিনেতা ও নির্মাতা পাকিস্তানের বিরুদ্ধে সোচ্চার হয়েছেন। ভারতীয় সেনাবাহিনীর প্রতি সমর্থনে নানা পোস্ট করছেন তারা।

এদিকে, পাকিস্তানকে নিয়ে বিতর্কিত মন্তব্যের ঠিক পরদিন শুক্রবার রাতে ভারত ছেড়ে বিদেশে পাড়ি জমান কঙ্গনা রানাউত। রাজনৈতিক কারণে নয়, ব্যক্তিগত প্রয়োজনে তিনি উড়াল দিয়েছেন আমেরিকার উদ্দেশে।

জানা যাচ্ছে, তার আসন্ন হলিউড প্রজেক্ট 'বি দ্যা এভিল'-এর শ্যুটিংয়ের জন্য নিউইয়র্ক গেছেন অভিনেত্রী। এই হরর ফিল্মে কঙ্গনার পাশাপাশি রয়েছেন হলিউড তারকা টাইলার পোজে ও স্কারলেট রোজ স্ট্যালোন। ছবিটি পরিচালনা করছেন অনুরাগ রুদ্র।

# মঞ্চে দাঁড়িয়েই কাঁদলেন রোহিত শর্মার স্ত্রী, কিন্তু কেন?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের সবচেয়ে সফল ও মহান ক্রিকেটারদের মধ্যে রোহিত শর্মার নাম অন্যতম। গত এক বছরের মধ্যে তাঁর অধিনায়কত্বে ভারত টি-টোয়েন্টি বিশ্বকাপ ও চ্যাম্পিয়ন্স ট্রফি জিতেছে। 'মুম্বাইয়ের রাজা' নামে পরিচিত রোহিত শর্মাকে এবার মহারাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন বিশেষ সম্মান জানাল। মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে রোহিত শর্মার নামে একটি আলাদা স্ট্যান্ড তৈরি করা হল। শুক্রবার এই স্ট্যান্ডের উদ্বোধনী অনুষ্ঠানে রোহিতকে যখন সম্মানিত করা হচ্ছিল, সেই সময় তাঁর স্ত্রী রীতিকা সাজদেহ আবেগ গোপন করতে পারেননি। কেঁদে ফেলেন। সেই ভিডিও সোশ্যাল



মিডিয়ায় ভাইরাল।

উদ্বোধনী অনুষ্ঠানে রোহিত শর্মার বাবা-মায়ের সঙ্গে স্ত্রী রীতিকা সাজদেহও মঞ্চে উপস্থিত ছিলেন। রোহিত তাঁর বাবা-মাকে সামনে রেখেছিলেন, অন্যদিকে রীতিকা সেই সময় আবেগাপ্লুত হয়ে পড়েছিলেন। এমনকী তিনি ক্যামেরার সামনে ধরা না পড়ার চেষ্টা করতে করতে চোখের জল মুছে ফেলেন। আবেগাপ্লুত হয়ে তাঁকে হাততালিও দিতে দেখা গেছে।

রোহিত শর্মা এখন ক্রিকেটের দুটি ফরম্যাটকে বিদায় জানিয়েছেন। ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতার পর তিনি টি-টোয়েন্টি ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন। অন্যদিকে ২০২৫ সালের মে মাসে তিনি তার টেস্ট ক্যারিয়ারেও ইতি টেনেছেন। তাঁকে এখন শুধুমাত্র ওয়ানডে দলে খেলতে দেখা যাবে।

রোহিত শর্মা ও রীতিকা সাজদেহর বিয়ে হয়েছিল ২০১৫ সালের ডিসেম্বর মাসে। ততদিন রোহিত ভারতীয় ক্রিকেটে প্রচুর খ্যাতি অর্জন করেছিলেন। রোহিত ও রীতিকার প্রথম দেখা হয়েছিলো ২০০৮ সালে একটি বিজ্ঞাপনের শুটিংয়ের সময়। সেই সময় রীতিকা অনেক নামী ক্রিকেটারদের জন্য স্পোর্টস ইভেন্ট ম্যানেজার হিসেবে কাজ করতেন। সেই সম্পর্ক পরে পায় পরিণয়। রোহিত ও রীতিকার একটা মেয়ে ও একটা ছেলে রয়েছে।

# ইংলিশ দলে ডাক পেলেন রিউ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জিম্বাবুয়ের বিপক্ষে টেস্ট ম্যাচের স্কোয়াডে প্রথমবার ডাক পেয়েছেন জেমস রিউ। ইনজুরির কারণে ছিটকে যাওয়া জর্ডান কক্সের বদলে জায়গা পেয়েছেন ২১ বছর বয়সী এই ব্যাটার।

কাউন্টি চ্যাম্পিয়নশিপে দারুণ ফর্মে রয়েছেন রিউ। গত সোমবার এসেক্সের বিপক্ষে হাঁকান সেঞ্চুরি। প্রথম শ্রেণির ক্রিকেটে এ পর্যন্ত ১০টি সেঞ্চুরি করেছেন তিনি। এছাড়া ২০২২ সালের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে ইংল্যান্ড দলের গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন। ফাইনালে সর্বোচ্চ ৯৫ রান আসে তার ব্যাট থেকে। তখন থেকেই নির্বাচকদের নজরে ছিলেন তিনি। এবার পেলেন জায়গা।

এছাড়া সামরসেটের হয়ে চলতি আসরে তার পারফরম্যান্স দেখার মতোই। কাউন্টি চ্যাম্পিয়নশিপে তার ব্যাটিং গড় ৫৪.২১ এবং সর্বোচ্চ ইনিংস ১৫২ রানে অপরাজিত।

ইংল্যান্ডের স্কোয়াড: বেন স্টোকস (অধিনায়ক), গাস অ্যাটকিনসন, শোয়েব বশির, হ্যারি ব্রুক, স্যাম কুক, জাক ক্রলি, বেন ডাকেট, অলি পোপ, ম্যাথিউ পটস, জেমস রিউ, জো রুট, জেমি স্মিথ, জোশ টাং।

# ৪৮ দল নিয়ে নারী বিশ্বকাপ!


**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নারী ফুটবলের ইতিহাসে এক নতুন অধ্যায় রচনা হতে যাচ্ছে। ফিফা ঘোষণা দিয়েছে, ২০৩১ নারী বিশ্বকাপ থেকে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলের সংখ্যা ৩২ থেকে বাড়িয়ে ৪৮ করা হবে।

বিখ্যাত বিনোদন ও ক্রীড়া বিষয়ক সংবাদমাধ্যম ইএসপিএন-এর প্রতিবেদন অনুযায়ী, ফিফা কাউন্সিল সর্বসম্মতভাবে শুক্রবার (৯ মে) এই সিদ্ধান্ত গ্রহণ করেছে। ফলে, ২০৩১ সালে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য নারী বিশ্বকাপ থেকে প্রথমবারের মতো ১২টি গ্রুপে মোট ৪৮টি দল খেলবে।

এই নতুন ফরম্যাটে ম্যাচের সংখ্যা ৬৪ থেকে বেড়ে ১০৪-এ দাঁড়াবে, এবং টুর্নামেন্টের সময় এক সপ্তাহ বাড়বে।

ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো বলেছেন, 'এই



পরিবর্তনের ফলে আরও অনেক দেশ নারী ফুটবলের কাঠামো উন্নয়নে বিশ্বকাপ থেকে উপকৃত হতে পারবে। এটি নারী ফুটবলের বৈশ্বিক বিকাশের গতি ধরে রাখার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।'

তবে ২০২৭ সালে ব্রাজিলে অনুষ্ঠিতব্য ফিফা নারী বিশ্বকাপে পূর্বের আসরের মতো ৩২ দলই অংশ নেবে।

২০১৯ সাল পর্যন্ত মাত্র ২৪ দল নিয়ে আয়োজিত হয়েছে নারীদের বিশ্বকাপ। ২০২৩ সালেই প্রথমবারের মতো ৩২ দল নিয়ে মাঠে গড়ায় টুর্নামেন্টটি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR